

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
স্বাস্থ্য সেবা বিভাগ।
প্রশাসন অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd



স্মারক নং-৪৫.১১০.০২.০০.০০.০১.২০২০-৩১৬

তারিখঃ ০১.০৪.২০২০খ্রি.

বিষয়ঃ জেলা পর্যায়ে করোনা ভাইরাস (COVID-19) এর সংক্রমন প্রতিরোধসহ সার্বিক ব্যবস্থাপনার লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক লাশ সংকারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্রঃ ৪৫.১১০.০২.০০.০০.০১.২০২০-২১১, তারিখঃ ০১/০৩/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের সংক্রমন প্রতিরোধে সূত্রোক্ত স্মারকে জেলা পর্যায়ে একটি কমিটি গঠিত হয়েছে এবং কমিটির জন্য সুনির্দিষ্ট দায়িত্ব অর্পিত হয়েছে। উল্লেখ্য, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু রোগের মৃত্যুকে করোনাজনিত মৃত্যু ভেবে করোনা আতংকের কারণে মৃতদেহ সংকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে লোকজন ভীত হচ্ছে এবং অনীহা প্রকাশ করছে। এ পরিপ্রেক্ষিতে মৃতদেহ সংকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় পর্যায়ে হতে কমপক্ষে ১০জন (৩জন মহিলাসহ) ব্যক্তিকে স্বেচ্ছাসেবী হিসেবে নির্বাচন করতে হবে। এই ১০ জন ব্যক্তি লাশ সংকারের প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করবে। তাদেরকে এ বিষয়ে প্রশিক্ষণের জন্য স্থানীয় ইসলামিক ফাউন্ডেশন/আল-মারকাজুল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

বর্ণিতাবস্থায়, স্থানীয় পর্যায়ে মৃতদেহ সংকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমপক্ষে ১০জন (৩জন মহিলাসহ) ব্যক্তিকে স্বেচ্ছাসেবী হিসেবে নির্বাচন করত: তাদেরকে প্রশিক্ষণের জন্য স্থানীয় ইসলামিক ফাউন্ডেশন/আল-মারকাজুলের সাথে যোগাযোগের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(শামীমা নাসরীন)
উপসচিব (পার-১)
ফোনঃ ৯৫৪০২০৬

জেলা প্রশাসক (সকল).....

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার (সকল).....
০৩. উপ মহা পুলিশ পরিদর্শক (সকল).....
০৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।